-৫৮

দৈনিক সংবাদ

তারিখ 05 JUL 1987 ... ...
পৃষ্ঠা ... 1 কলাম 3 ... ...

033

অবাধ নকল বন্ধের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের কাছে জেলা প্রশাসনের সুপারিশ

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের সংখ্যা সীমিত করুন

॥ আমীর খসরু ॥

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ব্যাপক নকল বন্ধের লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা সীমিত করার জন্য জেলা প্রশাসন থেকে সুপারিশ করা হয়েছে। অবাধ নকল হয়, এ ধরনের পরীক্ষা কেন্দ্রগুলো বন্ধ করতেও সুপারিশ করা হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ব্যাপক নকলের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় নকল রোধের লক্ষ্যে দেশের সকল জেলা প্রশাসকের কাছে সম্প্রতি সুপারিশ চেয়েছিল।

শিক্ষা সচিব এই প্রতিনিধিকে জানান, ব্যাপক নকল বন্ধের লক্ষ্যে কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের অনুদান ও কয়েকটি পরীক্ষা কেন্দ্র বাতিল করার বিষয়ে চিন্তা-ভাবনা করা হচ্ছে।

যাতায়াত ব্যবস্থা খারাপ এমন স্থানে পরীক্ষা কেন্দ্র অবিলম্বে বাতিলের সুপারিশ জেলা প্রশাসনের পক্ষ থেকে করা হয়েছে।

সুপারিশে ম্যাজিস্ট্রেটদের ক্ষমতা বৃদ্ধি ও পর্যাপ্ত পুলিশ প্রহরার ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়েছে। জেলা প্রশাসনের পক্ষ থেকে পরীক্ষায় শিক্ষকদের ভূমিকার সমালোচনা করা হয়েছে।

পরীক্ষা উন্নয়ন কমিটি

শিক্ষা মন্ত্রণালয় নকল বন্ধের উপায় হিসেবে পরীক্ষা উন্নয়ন কমি-

(৭-এর পাতায় দেখুন)

**অবাধ নকল**

(১ম পাতার পর)

টির সুপারিশ বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে বলে শিক্ষা সচিব জানান।

অবাধ নকল বন্ধের লক্ষ্যে পরীক্ষা উন্নয়ন কমিটি, মাধ্যমিক পরীক্ষার প্রতি উপজেলা সদরে অন্ততঃ একটি মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র থাকার সুপারিশ করেছে।

সুপারিশে বলা হয়েছে, পরীক্ষার প্রাক্কালে কোন পরীক্ষার্থীর পক্ষে এক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে বদলি হওয়া চলবে না এবং বিশেষ কারণ ব্যতীত কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

সুপারিশে পরীক্ষা কেন্দ্রে পর্যাপ্ত তদারকি ও পুলিশ প্রহরা এবং পরীক্ষা কেন্দ্র কমিটি পুনর্বিন্যাস করার কথা বলা হয়েছে।